গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জামালগঞ্জ, সুনামগঞ্জ।
www.jamalganj.sunamganj.gov.bd

স্মারক নং ঃ-০৫.৪৬.৯০৫০.০০০.১১.০৩৩.২১.২৫/১

৩০ পৌষ ১৪৩০
তারিখ------------------
১৪ জানুয়ারি ২০২৪

**সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর আলোকে অনূর্ধ্ব ২০ একর বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহবান সংশোধিত বিজ্ঞপ্তি-০২/২০২৪**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্যজীবী সংগঠন/ সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত (প্রকৃত মৎস্যজীবী যদি থাকে) সংগঠনকে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ০২/১১/২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী জামালগঞ্জ উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত ইজারাযোগ্য অনূর্ধ্ব ২০ একর খাস বদ্ধ জলমহাল 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা'২০০৯ অনুযায়ী ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। এই বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর কোন বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**আবেদন ফরম ক্রয় ও দাখিল ঃ** জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নোক্ত তারিখ অনুযায়ী www.minland.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে অনলাইনে আবেদনপত্র দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টকপি (যাবতীয় কাগজাদিসহ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালগঞ্জ এ দাখিল করা যাবে।

<u>অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখঃ</u>

| ক্রঃনং | অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখ | অনলাইন আবেদনপত্রের প্রিন্ট কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমাদানের তারিখ |
|---|---|---|
| ০১ | ২৩/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ খ্রি. পর্যন্ত | ১৮/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪ খ্রি. পর্যন্ত |

জামালগঞ্জ উপজেলার ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালর তালিকা :

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজা ও জে এল নং | দাগ নং | পরিমাণ | বিগত তিন বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | চাতল বিল গ্রুপ | বেহেলী-২৬ | ৫১৭,৬৫৮,৫৫৬ | ৬.৭৯ | ১৩৮১/- | ১৪৫১/- | |
| ২ | লম্বা বিল গোল বিল | মল্লিকপুর-১২৩ দক্ষিণ দৌলতপুর-৮৫ | ৪৯৫,১০৩৩,২৯৯,৩০৮ | ১৯.৯৩ | ২৮৩৬৩/- | ২৯,৭৮২/- | |
| ৩ | দোলতা নদী | মাতারগাঁও-৮৪ | ৫০৯,৫৯২ | ৭.৪২ | ৯৩০০/- | ৯৭৬৫/- | |
| ৪ | বাশকার খাল | সম্পদপুর-৯৪ | ৬২৮,৬৪৫ | ১১.৬২ | ২০২৯/- | ২১৩১/- | |
| ৫ | জানি বিল | কলকতখাঁ-৮০ | ১৩০৪ | ১৪.৩১ | ১৩৭৯/- | ১৪৪৮/- | |
| ৬ | দেউতান বিল | উজ্জ্বলপুর-৫৯ | ২১৪ | ১৩.৬০ | ১৫২১৫/- | ১৫,৯৭৬/- | |
| ৭ | সিন্ধুক্যা বিল | সাচ্না-১৯ | ৭৯,১৩৫৮,১৩৫৯,২১ | ৯.৬৩ | ৯৩২০/- | ৯৭৮৬/- | |
| ৮ | বুড়ি ডাকুয়া বিল | রাঙ্গামাটিয়া-৬৮ | ৪৮২,৫৩২ | ০.৭০ | ২১৩৮৭৫/- | ২২৪৫৬৯/- | |
| ৯ | কাওয়ার মা গ্রুপ | কেওয়ালীকোনা-৯১ | ১২৫৬ | ৭.৩৩ | ৫০১৭৬/- | ৫২,৬৮৫/- | |
| ১০ | নেতুয়ার ডুবি মেথুয়ার ডুবি | কেওয়ালীকোনা-৯১ | ২৮ | ৭.৯১ | ১৯৪২১/- | ২০,৩৯৩/- | |
| ১১ | বনুয়া বিল | রাঙ্গামাটিয়া-৬৮ | ১৫০৬, ১৫০১ | ৭.০৮ | ৯৬০২৮/- | ১০০৮৩০/- | |
| ১২ | কৈয়ার বিল জিনারিয়া ডুবি | সাচ্না-১৯ | ৭৯৬,১০১ | ৬.৮৯ | ৭৯৯৬/- | ৮৩৯৬/- | |
| ১৩ | বনুয়া আঙ্গুল ভাঙ্গা জলমহাল | চানপুর-৯৩ | ২৪৪৮ | ৩.৯৭ | ৭৪৩/- | ৭৮১/- | |
| ১৪ | যশমন্তপুরের খাল জলমহাল | যশমন্তপুর-১১৩ | ৭২৬ | ৮.৯৫ | ১৫৬৫০/- | ১৬৪৩৩/- | |
| ১৫ | সাতবিলা বিল | রূপাবলী-৭৩ | ৪০৫ | ৪.২২ | ১৯৬৮/- | ২০৬৭/- | |

<u>শর্তাবলীঃ</u>

১। আবেদনপত্র অনলাইনে দাখিল করতে হবে (www.minland.gov.bd) এবং দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টকপি ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূলকপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালগঞ্জ এ দাখিল করতে হবে।

২। আগ্রহী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অনলাইন আবেদনের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের সকল তথ্য/অংক স্পষ্টভাবে লিখতে হবে এবং অনলাইন প্রিন্ট কপি কোন কাটাকাটি, ঘষামাজা গ্রহণ করা হবে না এবং এক্ষেত্রে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩। প্রকৃত মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতির সদস্যগণ জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারী সমিতিতে যদি কোন অমৎস্যজীবী সদস্য থাকে তবে সে সমিতি কোন সরকারী জলমহাল ইজারা পাওয়ার যোগ্য হবে না। প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালসমূহের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৪। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতির সদস্যগণ জলমহাল ইজারা বন্দোবস্ত কার্যক্রমে অংশ গ্রহণ করতে পারবেন না।

৫। জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ উপজেলা সমাজসেবা কর্মকর্তার নিকট হতে আবেদনকারী সমিতির কার্যকারিতা সম্পর্কে প্রত্যয়নসহ ২ (দুই) বছরের অডিট প্রতিবেদন দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৬। অনলাইন আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন। একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৭। আবেদনকারী সমিতিকে প্রার্থীত জলমহালর বিগত ০৩ তিন বছরের ইজারা মুল্যের গড়মূল্যের উপর ৫% বর্ধিত দর দাখিল করতে হবে।

৮। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের মধ্যে জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালে ইজারামূল্য পরিশোধে খেলাপি থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে ইজারা প্রদান করা হবে না।

৯। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারীকে তার আবেদনের সাথে দাখিল করতে হবে। লিজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লিজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১০। সময়মত লিজমানি পরিশোধ না করা, কোন তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লিজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লিজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

১১। লিজ প্রদানকৃত জলমহাল জেলা/উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি জেলা প্রশাসক/ উপজেলা নিবাহী অফিসার সময়ে সময়ে সরেজমিনে পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লিজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। বাতিলকৃত লিজগ্রহীতা মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন পরবর্তী ৩ (তিন) বছর জলমহাল ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৩। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা পাবে না। জলমহাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থাতেই ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণের পূর্বে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে আবেদন ফরম দাখিল করতে হবে। যখনই ইজারা চূড়ান্ত করা হোক না কেন তা ০১ বৈশাখ ১৪৩১ বাংলা সন হতে কার্যকর বলে গণ্য হবে। বাস্তব অবস্থার আলোকে জলমহালের আয়তন পরিবর্তন হতে পারে। ইজারা বিষয়ে সকল রকমের তথ্য অর্থ্যাৎ জলমহালের পূর্ববর্তী বছরের ইজারা মূল্য, আয়তন অবস্থান ইত্যাদি অফিস চলাকালে জানা যাবে। ইজারা গ্রহণের পর জলমহাল ভরাট হয়ে গিয়েছে অথবা অন্য কোন কারণে ইজারাদার ক্ষতিগ্রস্থ হযেছেন এরূপ ওজর/আপত্তি করা যাবে না।

১৪। জলমহালের ইজারা মেয়াদ ০১ বৈশাখ হতে শুরু হবে এবং একই বছরের ৩০ চৈত্র শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন হলে খাস কালেকশনের অর্থ সরকারী খাতে জমা হবে। খাস কালেকশনের অর্থ ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ইজারাদারকে ১ম বছরের ইজারা মুল্যের ১০০% টাকা পরিশোধ করতে হবে।

১৫। ইজারা প্রদত্ত জলমহালের ইজারা চুক্তির কোন শর্ত লঙ্ঘিত হচ্ছে কিনা সেজন্য বিদ্যমান মৎস্য আইন বা প্রযোজ্য অন্য কোন আইনের আওতায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করে সংশ্লিষ্ট ইজারাদার সমিতি/সংগঠনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবি/ অধিকার/ স্বত্ব থাকিবে না।

১৭। অনলাইন আবেদন সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশন এবং মূসক নিবন্ধন সার্টিফিকেট "মূসক-৮" এর সত্যাটিত কপি সংযুক্ত করতে হবে। যেসকল সমিতির মূসক নিবন্ধন নেই তারা আবেদন করতে পারবে না।

১৮। আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী এই মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৯। অনলাইন আবেদন সাথে " প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন" এমন অঙ্গীকার নামা ৩০০/-(তিনশত) টাকার নন্-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে সংযুক্ত করতে হবে।

২০। সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারী কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন থেকে প্রত্যয়ন সংগ্রহ করে আবেদন ফরমের সাথে সংযুক্ত করে দিতে হবে।

২১। বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশে স্থায়ী/ অস্থায়ী বাঁধ/ প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্য বিধি ১৩৩ ধারা/১৯৫০ সালের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।

২২। যে সকল জলমহালসমূহ থেকে (নদী, হাওর, খাল ইত্যাদি) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। সে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ ইজারা দেয়া হবে, সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। এ ব্যাপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

২৩। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয়, সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয় রূপ নেয়, তখন ইজাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয় সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৪। বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। জলাশয়ের ইজারা ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দের জন্য মেয়াদী ইজারা। ক্ষতিগ্রস্থতা, দখল না পাওয়া বা অন্য কারণে ইজারা মেয়াদ বর্ধণযোগ্য নয়। প্রথম বছর ব্যতীত ইজারাকৃত জলাশয়ের পরবর্তী বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায় কোন নোটিশ ছাড়াই স্বয়ংক্রিয়ভাবে ইজারা বন্দোবস্ত বাতিল বলে গণ্য হবে এবং বিধি মোতাবেক সমিতির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এজন্য জলমহালটি এ সময়ে ইজারা প্রদান করা না গেলে ইজারাদার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

২৫। ইজারাদারকে ইজারা মুল্যের সাথে সরকার নির্ধারিত ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। ১ম বছরের সাকুল্য ইজারামূল্য, ভ্যাট ও আয়কর জমা দিয়ে ইজারাদার সমিতির সভাপতি/ সম্পাদক/ মনোনীত প্রতিনিধি স্ব-উদ্যোগে কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। চুক্তিপত্র সম্পাদন ব্যতিরেকে কোন অবস্থাতেই কোন জলমহালের দখল হস্তান্তর করা হবে না। এ ব্যাপারে কর্তৃপক্ষের উপর কোন দায় বর্তাবে না। চুক্তিপত্র সম্পাদন না করলে ইজারা বাতিল করা হবে।

২৬। ইজারা গ্রহীতাকে ইজারা চুক্তির শর্তাবলী এবং জলমহাল ও সরকার কর্তৃক আরোপিত নির্দেশাবলী মেনে চলতে হবে। ইজারা চুক্তির লঙ্ঘন বা নির্দেশনা অমান্যের জন্য ইজারা বাতিল বলে গণ্য হবে।

২৭। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে ইজারা বাতিল করা হবে। পরিবেশ বান্ধব করচ গাছ লাগাতে হবে।

২৮। আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে মূসক নিবন্ধন সার্টিফিকেট "মূসক-৮" সংযুক্ত করে দাখিল করতে হবে।

২৯। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত আইন ও সরকারী আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারী আদেশ যেগুলো এখানে উল্লেখ করা হয়নি, সেই আদেশের/ আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তিরর ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যে কোন আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

৩০। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত। যে কোন সময় কতৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

১৪/০১/২৪

(মোঃ মাসুদ রানা)
উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।
unojamalganjsunamganj@gmail.com

স্মারক নং-০৫.৪৬.৯০৫০.০০০.১১.০৩৩.২১. ২৫/১(৫০) তারিখ-১৪ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়)ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৪ সুনামগঞ্জ-০১।
২। মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত-২১ সিলেট-সুনামগঞ্জ।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৬। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ।
৮। উপজেলা নির্বাহী অফিসার, ............................................ (সকল), সুনামগঞ্জ।
৯। জেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ।
১০। জেলা সমবায় অফিসার, সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়)ঃ

১। সহকারী কমিশনার (ভূমি), জামালগঞ্জ, সুনামগঞ্জ।
২। উপজেলা মৎস্য অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৩। উপজেলা কৃষি অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৪। অফিসার-ইন-চার্জ, জামালগঞ্জ থানা।
৫। উপজেলা সমাজসেবা অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৬। উপজেলা সমবায় অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৯। উপজেলা ...................................................... কর্মকর্তা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান .......................................... (সকল), ইউপি।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সাচনা/ ভীমখালী, জামালগঞ্জ। (তার অধিক্ষেত্রের হাটবাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
১২। জনাব ...................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৩। সম্পাদক....................................আগামী /০১/২০২৪ তারিখের মধ্যে যে কোন দিন একটি পত্রিকার ভিতরের পাতায় একবার শুধুমাত্র বিজ্ঞপ্তির তা পত্রিকায় ছাপিয়ে ০৩(তিন) কপি পত্রিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪। জনাব.........................................................................................................
১৫। নোটিশ বোর্ড।
১৬। সংরক্ষিত নথি/ মাষ্টার নথি।

১৪/০১/২৪

(মোঃ মাসুদ রানা)
উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।